শাকসু নির্বাচন স্থগিতের প্রতিবাদে মেহেরপুরে শিবিরের বিক্ষোভ

শাকসু নির্বাচন বানচালের ষড়যন্ত্রের প্রতিবাদ এবং নির্ধারিত সময়ে নির্বাচন বাস্তবায়নের দাবিতে মেহেরপুরে ছাত্রশিবিরের উদ্যোগে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বাদ আছর শহরের গড় মসজিদ প্রাঙ্গণ থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়ে কোর্ট চত্বরে গিয়ে শেষ হয়।

বিক্ষোভ মিছিলে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ইসলামী ছাত্রশিবিরের সভাপতি আব্দুস সালাম। এ সময় আরও বক্তব্য দেন সাধারণ সম্পাদক সাইদুর রহমানসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

মিছিলে উপস্থিত নেতাকর্মীরা বলেন, অতীতে আওয়ামী লীগ সরকার এ ধরনের নির্বাচন বাধাগ্রস্ত করা এবং দিনের ভোট রাতে করার মতো কর্মকাণ্ডের মাধ্যমে ফ্যাসিবাদী চরিত্রে পরিণত হয়েছিল।

বক্তারা অভিযোগ করেন, বর্তমানে স্বৈরাচারী সরকারের মতো আচরণ লক্ষ্য করা যাচ্ছে, যা বাংলাদেশের জনগণ মেনে নেবে না।

মেহেরপুরে বাণিজ্য মেলা সাময়িক স্থগিত করলো প্রশাসন

আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতির আশঙ্কায় মেহেরপুরের দেশিয় শিল্প ও পণ্য মেলা (বাণিজ্য মেলা) সাময়িক স্থগিত করেছেন জেলা প্রশাসন।

আজ বিকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় থেকে সহকারী কমিশনার মো:সাজেদুল ইসলাম সাক্ষরিত এক পত্রে এ তথ্য জানানো হয়েছে।

পত্রে উল্লেখ করা হয়েছে, আগামী ২ মে থেকে ১ জুন পর্যন্ত এ জেলায় মাসব্যাপী দেশীয় শিল্প ও পণ্য মেলা শর্তসাপেক্ষে আয়োজনের অনুমতি প্রদান করা হয়। গত ১২ এপ্রিল মেলা আয়োজন না করার জন্য মেহেরপুর ব্যবসায়ী সমিতি থেকে একটি স্মারকলিপি জেলা প্রশাসকের কাছে দাখিল করা হয়। উদ্ভুদ্ধ পরিস্থিতি মেলা আয়োজনকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার আশঙ্কা রয়েছে বলে বিভিন্ন সূত্রে জানা গেছে।

এসব বিবেচনায় পরবর্তি নির্দেশ না দেওয়া পর্যন্ত মেলা সাময়িকভাবে স্থগিত করা হলো।

অনির্দিষ্টকালের জন্য স্থগিত এইচএসসি পরীক্ষা

এইচএসসি ও সমমানের স্থগিত পরীক্ষাগুলো অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। ১১ আগস্ট থেকে হচ্ছে না এইচএসসি পরীক্ষা। অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করে বুধবার (৭ আগস্ট) শিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

সরকারি মাধ্যমিক শাখা-২ এর উপসচিব সাইয়েদ এ. জেড মোরশেদ আলী স্বাক্ষরিত এ বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ১১ আগস্ট ২০২৪ তারিখ থেকে অনুষ্ঠিতব্য এইচএসসি ও সমমান পরীক্ষা ২০২৪-এর পরীক্ষাসমূহ অনিবার্য কারণবশত স্থগিত করা হয়েছে। পরীক্ষা গ্রহণের বিস্তারিত সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

উল্লেখ্য, কোটা সংস্কার আন্দোলন ঘিরে তৈরি সহিংসতায় শিক্ষার্থীদের নিরাপত্তার কথা মাথায় রেখে দফায় দফায় চলমান এইচএসসি ও সমমান পরীক্ষা স্থগিত করা হয়। তিন দফায় আট দিনের পরীক্ষা স্থগিত করেছে বোর্ডগুলো। পরবর্তীতে ১১ আগস্ট থেকে নতুন সময়সূচিতে পরীক্ষা নেওয়ার কথা জানানো হয়। তবে প্রশ্নপত্র পুড়ে যাওয়ায় ওইদিনের পরীক্ষাও স্থগিত করা হয়েছে।

সূত্র: ইত্তেফাক

আইনি জটিলতায় ঝিনাইদহ পৌরসভা নির্বাচন স্থগিত

আইনি জটিলতার কারণে ঝিনাইদহ পৌরসভা নির্বাচন স্থগিত করেছে নির্বাচন কমিশন (ইসি)। রবিবার নির্বাচন কমিশনের উপসচিব আতিয়ার রহমান সাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

আগামী ১৫ জুন ২০২২ বুধবার ঝিনাইদহ পৌরসভা নির্বাচন হওয়ার কথা ছিল। ইসির নির্বাচন পরিচালনা শাখার উপ-সচিব মোঃ আতিয়ার রহমান নির্বাচনের স্থগিত নির্দেশনা সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তাকে পাঠিয়েছেন।

এতে বলা হয়, হাইকোর্ট এক আদেশে এক মাসের জন্য নির্বাচন স্থগিত করেছেন। হাইকোর্টে আদেশ প্রতিপালনার্থে পরবর্তীকালে আইনগত জটিলতা পরিহারের লক্ষ্যে ঝিনাইদহ পৌরসভার আগামী ১৫ জুন তারিখে অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচন স্থগিত রাখার বিষয়ে সিদ্ধান্ত দিয়েছে ইসি।

এতে বলা হয়, বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী পদ্ধতিগতভাবে প্রয়োজনীয় কার্যক্রম নেওয়ার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো। নির্বাচনী আচরণবিধি ভঙ্গের দায়ে সম্প্রতি আওয়ামী লীগের মেয়র প্রার্থীর প্রার্থিতা বাতিল করেছিল ইসি।

ঝিনাইদহ রিটার্নিং কর্মকর্তা মো. অলিউল ইসলাম এ তথ্য নিশ্চিত করে জানান, আইনগত জটিলতার কারণে ঝিনাইদহ পৌরসভা নির্বাচন স্থগিত করা হয়েছে।